দৈনিক ইত্তেফাক

তারিখ ... 22 AUG 1988 ...
পৃষ্ঠা ... 1 ... কলাম ... 1 ...

01

# অনুমোদন বহির্ভূত পুস্তক পাঠ্যসূচীর অন্তর্ভুক্ত করা যাইবে না

১৯৮৯ শিক্ষা বর্ষ হইতে দেশের বিভিন্ন ইংরেজী মাধ্যমে কিনডার গার্টেন ও বেসরকারী বিদ্যালয়গুলোর পাঠ্যসূচী এবং পাঠসূচীর অন্তর্ভুক্ত সকল পুস্তক সরকারের পূর্ব অনুমোদন সাপেক্ষ হইতে হইবে। ইতিপূর্বে এসব শিক্ষা প্রতিষ্ঠানের পাঠ্যসূচী ও

( ১১শ পৃ: দ্র: )

## অনুমোদন বহির্ভূত পুস্তক

(১ম পৃ: পর)

পাঠ্যসূচীর অন্তর্ভুক্ত বইগুলি পরীক্ষা করিয়া অনুমোদন করার জন্য সরকার জাতীয় শিক্ষাক্রম ও টেক্সট বুক বোর্ডের চেয়ারম্যানকে সভাপতি করিয়া পাচ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করেন। কমিটি ইংরেজী মাধ্যম; কিণ্ডার গার্টেনসহ বেসরকারী স্কুলসমূহের বিভিন্ন শ্রেণীতে যে সকল পাঠ্যপুস্তক পড়ানো হয় তাহা সংগ্রহ ও পরীক্ষা করিয়া নির্ধারিত পুস্তকসমূহের যে তালিকা প্রণয়ন ও সুপারিশ পেশ করেন সরকার তাহা ইতিমধ্যেই অনুমোদন করিয়াছেন। কমিটি গতকাল আনুষ্ঠানিকভাবে শিক্ষামন্ত্রীর নিকট রিপোর্ট পেশ করেন। সরকার কর্তৃক অনুমোদিত পাঠ্য পুস্তকসমূহের তালিকা ঢাকার মতিঝিলস্থ জাতীয় শিক্ষাক্রম ও টেক্সট বুক বোর্ডের চেয়ারম্যানের নিকট হইতে সংগ্রহ করা যাইবে। উল্লেখিত তালিকা বহির্ভূত কোন পুস্তক পড়াইতে হইলে পূর্বেই কমিটির অনুমোদন নিতে হইবে।

কমিটির অনুমোদন ছাড়া কোন পুস্তক পাঠ্যসূচীর অন্তর্ভুক্ত করা হইলে তাহা আইন অনুযায়ী দণ্ডনীয় হইবে।—তথ্য বিবরণী।